গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/২৪৮ তারিখ: ২৬/০৭/২০২২

২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি (সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত):

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সনের ডিগ্রী পাস ৩য় বর্ষ বর্ষের নিয়মিত / অনিয়মিত/ অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। উক্ত কার্যক্রম আগামী ২৭/০৭/২০২২ থেকে ০৮/০৮/২০২২ তারিখ বিকেল ৪:০০টা পর্যন্ত চলমান থাকবে।

ফিসের তালিকা:

১. নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

বিষয়	টাকার পরিমাণ
বিএ/ বি এস এস/বি বি এস	১,৯০৫/-
বি এস সি	২,৬৫৫/-
প্রাইভেট বি এ/ বি এস এস/ বি বি এস	২,১০৫/-
সার্টিফিকেট কোর্স	১,৩০৫/-

২. অনিয়মিত / অকৃতকার্য(সকল বিষয়)পরীক্ষার্থীদের জন্য:

বিষয়	টাকার পরিমাণ
বিএ/ বি এস এস/বি বি এস	২,২০৫/-
বি এস সি	২,৯৫৫/-
প্রাইভেট বি এ/ বি এস এস/ বি বি এস	২,৪০৫/-
সার্টিফিকেট কোর্স	১,৬০৫/-

৩. গ্রেড উন্নয়ন/ অকৃতকায(১-৬ পত্র)

বিষয়	পত্র	টাকার পরিমাণ
সকল বিষয়	১ পত্র	৯০৫/-
	২ পত্র	১,০০৫/-
	৩ পত্র	১,১০৫/-
	৪ পত্র	১,২০৫/-
	৫ পত্র	১৩,০৫/-
	৬ পত্র	১,৪০৫/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/degree-pass থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২. মোবাইলের মাধ্যমে বিকাশ, নগদ বা ট্যাপ এ ভর্তি ফি নিম্নোক্ত প্রক্রিয়ায় জমা দিতে হবে।

বিকাশ, নগদ বা ট্যাপের অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অত:পর Govt Debendra College সিলেক্ট করলে Bill Period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর তাদের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

৩. প্রাইভেট পরীক্ষার্থীরা ফরম ডাউনলোড করে কমিটির নিকট থেকে ফরম সত্যয়ন করে নিয়ে ফরম পূরণের ফিস বিকাশ/ নগদ/ ট্যাপের মাধ্যমে জমা দিবে।

৪. যেসকল শিক্ষর্থী এখনও ৩য় বর্ষে ভর্তি হয়নি এবং ইনকোর্স বা নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তারা কমিটির সাথে যোগাযোগ করে ভর্তি হওয়ার পর ফরম পূরণের সুযোগ পাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করনীয়:

১. পূরণকৃত ফরম সংশ্লিষ্ট শিক্ষর্থীর ক্লাস রোল নম্বর উল্লেখ পূর্বক নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে হিসাব শাখায় জমা দিতে হবে।

ক) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ।

খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঙ্গীন ছবি।

গ) ছাড়পত্রের ক্ষেত্রে অনুমতির কপি।

ঘ) অনলাইনে(বিকাশ/নগদ/ট্যাপে) টাকা জমা দেওয়া রশিদের কপি।

নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে এবং হিসাব শাখায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম জমা না দিলে ফরমপূরণের প্রক্রিয়া সম্পন্ন হবে না। শিক্ষার্থীরা নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

26/7/2022
(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

২৬/৭/২২